

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৩৯৭  
আগরতলা, ৩০ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০  
হরিজয় চৌধুরী পাড়ায় বিকাশ শিবির

জিরানীয়া ব্লকের হরিজয় চৌধুরী পাড়া গ্রামপঞ্চায়েতে সম্প্রতি বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। এই কর্মসূচির উদ্বোধন করেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মঞ্জু দাস। পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান কর্মসূচি আয়োজনের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য করেন। শিবিরে কৃষি দপ্তর থেকে ৩ জনকে স্প্রে মেশিন, ৬৫ জনকে বিভিন্ন সজী বীজের প্যাকেট দেওয়া হয়। ২৫ জনের কাছ থেকে কিষাণ ক্রেডিট কার্ডের মাধ্যমে ঋণের আবেদনপত্র জমা দেওয়া হয়। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনে ৫টি স্বসহায়কদল ও ৫ জন সদস্যদের তাদের সফলতার জন্য শংসাপত্র প্রদান করা হয়। শিবিরে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রতন দাস, সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক প্রমুখ।

\*\*\*\*\*